# এনজিও কুষ্টিয়া

Web: ngokushtia.net

## এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী

**তারিখ : ০৪ আগষ্ট ২০২১**

(ভার্চুয়াল মিটিং)

সারা দেশব্যাপি কোভিড-১৯ মহামারির তীব্রতা এবং এরই সতর্কতা অবলম্বনে সরকার কর্তৃক কঠোর লক-ডাউন বিদ্যমানকালে অদ্য ০৪ আগষ্ট ২০২১ তারিখ বিকাল ০৩:০০ টায় এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল ডেভেলপার জনাব মোঃ ময়েদুল হক রিপনের হোষ্টিং সহযোগিতায় **এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির** একটি ভার্চুয়াল সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির আহ্বায়ক জনাব এম আর ইসলাম।

**ভার্চুয়াল সভায় উপস্থিতি ঃ**

| ক্র.নং | নাম | পদবী | সংস্থার নাম | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এম আর ইসলাম | সহকারী নির্বাহী পরিচালক | দিশা | আহ্বায়ক |
| ০২ | জনাব নাজমুন্নাহার | সমন্বয়কারী | সেতু | যুগ্ম আহ্বায়ক |
| ০৩ | জনাব মোঃ শহীদুল ইসলাম ফারুক | নির্বাহী পরিচালক | শিরোপা ডেভেলপমেন্ট সোসাইটি | সম্মানিত সদস্য |
| ০৪ | জনাব জে এম নাজিমুদ্দিন (আক্কেল) | নির্বাহী পরিচালক | এ্যাডো | সম্মানিত সদস্য |
| ০৫ | জনাব জায়েদুল হক মতিন | সমন্বয়কারী | মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা | সম্মানিত সদস্য |
| ০৬ | জনাব মোঃ শরিফুল ইসলাম | ডিস্ট্রিক্ট ম্যানেজার | আশা | সম্মানিত সদস্য |
| ০৭ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | জোনাল ম্যানেজার | জাগরণী চক্র ফাউন্ডেশন | সম্মানিত সদস্য |
| ০৮ | জনাব মোঃ আবুল হোসেন | জোনাল ম্যানেজার | বুরো বাংলাদেশ | সম্মানিত সদস্য |
| ০৯ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | জোনাল ম্যানেজার | টিএমএসএস | আমন্ত্রিত অতিথি |
| ১০ | জনাব শেখ আহসানুল কবীর | সহকারী পরিচালক (আইটি) | কুষ্টিয়া পল্লী উন্নয়ন সংস্থা | সম্মানিত সদস্য |

**সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ**

| বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।** | সভার শুরুতেই এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির বিগত ১৮ আগষ্ট ২০২০ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়। | বিগত সভার কার্যবিবরণী উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা' অনুমোদন লাভ করে। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল-এ অন্তর্ভূক্ত এনজিও সমূহ। |
| **০২. এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটিতে নতুন সদস্যের অন্তর্ভূক্তিকরণ এবং চলমান সদস্যের নাম পরিবর্তন।** | বিগত সভার সিদ্ধান্তক্রমে ১০ সদস্য বিশিষ্ট একটি এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি পূনর্গঠিত হয়। অদ্যকার সভায় জনাব নাজমুন্নাহার, সমন্বয়কারী, সেতু-এর প্রস্তাবনায় এবং জনাব মোঃ শহীদুল ইসলাম ফারুক, নির্বাহী পরিচালক, শিরোপা ডেভেলপমেন্ট সোসাইটি সহ অন্যান্য সম্মানিত সকল সদস্যের সমর্থনে জনাব মোঃ দেলোয়ার | জনাব মোঃ দেলোয়ার হোসেন, জোনাল ম্যানেজার, টিএমএসএস-কে কুষ্টিয়া এনজিও ওয়েব পোর্টাল পরিচালনা কমিটিতে সম্মানিত সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়। পরিচালনা কমিটির তালিকা অত্রসাত সংযুক্ত করা হ'ল। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | হোসেন, জোনাল ম্যানেজার, টিএমএসএস-কে অত্র ওয়েব পোর্টাল পরিচালনা কমিটিতে সম্মানিত সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>কুষ্টিয়া পল্লী উন্নয়ন সংস্থা (কেপিইউএস)-এর পক্ষ থেকে প্রেরিত এসএমএস মারফৎ বর্তমান কমিটিতে অত্র সংস্থার নির্বাহী পরিচালক জনাব মোঃ এনামুল হক মহোদয়ের নাম পরিবর্তন করে সহকারী পরিচালক (অগ্রসর) জনাব মোঃ রাশেদুজ্জামান-কে সম্মানিত সদস্য হিসেবে পরিবর্তনের প্রস্তাব করেছেন। | বর্তমান কমিটিতে কুষ্টিয়া পল্লী উন্নয়ন সংস্থা (কেপিইউএস)-এর নির্বাহী পরিচালক জনাব মোঃ এনামুল হক মহোদয়ের নাম পরিবর্তন করে উক্ত সংস্থার সহকারী পরিচালক (অগ্রসর) জনাব মোঃ রাশেদুজ্জামান-কে সম্মানিত সদস্য হিসেবে পরিবর্তন করা হ'ল। | |
| ০৩. **এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত সকল এনজিওদের নিয়ে ভার্চুয়াল অথবা সরাসরি সভা করা।** | অদ্যকার সভায় জনাব জে এম নাজিমুদ্দিন (আক্কেল), নির্বাহী পরিচালক, এ্যাডো **এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল**-এ অন্তর্ভূক্ত সকল এনজিওদের নিয়ে ভার্চুয়াল সভা করার প্রস্তাব দেন। এ বিষয়ের উপর সকলেই আলোচনা করেন এবং প্রতি ত্রৈয়মাসিক ভিত্তিতে এ ধরণের ভার্চুয়াল অথবা সরাসরি সভা অনুষ্ঠিত করার মতামত ব্যক্ত করেণ। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির পরিচালনায় প্রতি তিন মাস অন্তর **এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল**-এ অন্তর্ভূক্ত সকল এনজিওদের নিয়ে ভার্চুয়াল অথবা সরাসরি ত্রৈয়মাসিক সভা অনুষ্ঠিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি। |
| ০৪. **২০২১-২০২২ অর্থ বছরের জন্য ওয়েব পোর্টালের বার্ষিক নবায়ন এবং ত্রৈমাসিক ভার্চুয়াল অথবা সভা পরিচালনার জন্য অর্থ সংগ্রহ।** | অদ্য সভায় ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন ২০২১-২০২২ অর্থ বছর থেকে ওয়েব পোর্টালের বার্ষিক নবায়ন ফি ৮,০০০/-টাকা প্রদানের দাবি করেন। সভার সকলের অনুরোধে ৭,০০০/-টাকা গ্রহণে সম্মতি দেন। বছরে ৪টি ত্রৈয়মাসিক ভার্চুয়াল সভা অথবা সরাসরি সভা অনুষ্ঠানের জন্য আনুমানিক আরও ৬,০০০/-টাকার প্রয়োজন হবে। ফলে প্রতি আর্থিক বছরে (জুলাই-জুন) পোর্টাল নবায়ন ও ৪টি ত্রৈয়মাসিক ভার্চুয়াল অথবা সরাসরি সভার জন্য মোট ১৩,০০০/-টাকা সংগ্রহ করতে হবে। অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষন এবং আয়-ব্যয় পরিচালনার জন্য কমিটির যুগ্ম আহ্বায়ক জনাব নাজমুন্নাহার (সমন্বয়কারী, সেতু)-কে দায়িত্ব প্রদানের প্রস্তাবনা আনা হয়। | সিদ্ধান্ত গৃহীত হয় যে, এখন থেকে প্রতি অর্থ বছরের জন্য এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির ১১টি সংস্থা ৫০০/-টাকা হারে এবং পোর্টালে অন্তর্ভুক্ত বাকি সকল সংস্থা ৩০০/-টাকা হারে প্রতি বছর জুলাই মাসের মধ্যে ওয়েব পোর্টাল কমিটির যুগ্ম আহ্বায়ক জনাব নাজমুন্নাহার-এর নিকট জমা করবে। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি। |
| ০৫. **জেলা এনজিও সমন্বয় কমিটির সকল এনজিও-কে এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত হওয়া এবং ওয়েব** | প্রথমত, জেলা এনজিও সমন্বয় কমিটির যে সকল এনজিও এখনও পর্যন্ত এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালে অন্তর্ভূক্ত হয় নাই। আমরা সে সকল এনজিও-কে অতি দ্রুত অন্তর্ভূক্ত | এ প্রসঙ্গে সিদ্ধান্ত গৃহীত হয় যে, যেসকল সংস্থা এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালে নতুন করে অন্তর্ভূক্ত হতে চায় অথবা পূর্বের অন্তর্ভূক্ত সংস্থার তথ্যের | কুষ্টিয়া জেলা এনজিও সমন্বয় কমিটির সকল এনজিও সমূহ। |

| | | | |
|---|---|---|---|
| **পোর্টালে অন্তর্ভুক্ত সংস্থার নিজস্ব তথ্য আপডেট করা।** | হওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জনাচ্ছি। নতুন করে অন্তর্ভূক্তির জন্য ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন-এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেওয়া গেল।<br><br>দ্বিতীয়ত, এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত সংস্থা সমূহের নিজস্ব তথ্য সময়ের ব্যবধানে অথবা কর্মকান্ড পরিচালনার তাগিদে মাঝে মধ্যে পরিবর্তন বা পরিমার্জন করার প্রয়োজন হয়ে পড়ে। যেহেতু ওয়েব পোর্টালটির Edit করার Password ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন নিজে সংরক্ষণ করেন; সেকারণে আমরা যে কেহ ইচ্ছা করলেই আমাদের তথ্যের Edit-এর কাজ করতে পারবো না। আমাদের তথ্যের Edit-এর কাজ করতে হলে অবশ্যই ওয়েব ডেভেলপারের মাধ্যমেই করতে হবে। | Edit করার প্রয়োজন হয়; সেসকল সংস্থা সরাসরি ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন (Mob: 01841-181888; E-mail: moydul@gmail.com)-এর সাথে সরারসরি যোগাযোগ করবেন। নতুন করে অন্তর্ভূক্তি ফি অথবা প্রতিবারের Edit ফি বাবদ সংস্থা প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে ওয়েব ডেভেলপারের নিকট জমা করলে এবং নির্দিষ্ট ফরমেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য উক্ত ই-মেইলের মাধ্যমে অথবা সরাসরি প্রেরণ করলে অনায়েসে পোর্টালে অন্তর্ভূক্ত হওয়া যাবে অথবা তথ্য আপডেট করা যাবে। | |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

এম আর ইসলাম
সভাপতি